দৈনিক বাংলা

তারিখ 29 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

42

# শিক্ষার বিনিময়ে খাদ্য ঃ গরীব এলাকায় বেশী দিন

দরিদ্র জনগণের ছেলেমেয়েদের শিক্ষিত করে তোলার লক্ষ্যে বিএনপি সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করেছেন। আমাদের দেশের আর্থসামাজিক অবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ এই লাগসই কর্মসূচী ইতিমধ্যে দেশের দরিদ্র জনগোষ্ঠীর কাছে আশার আলো রূপে দেখা দিয়েছে। বিদেশেও এই কর্মসূচী ব্যাপক প্রশংসিত হয়েছে। বাংলাদেশের মত দরিদ্র দেশের জন্য এই কর্মসূচী নিঃসন্দেহে একটি দুঃসাহসী পদক্ষেপ। আমরা বিএনপি সরকার বিশেষ করে প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে এই দুঃসাহসী পদক্ষেপ গ্রহণের জন্য আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

প্রাকৃতিক কারণে বাংলাদেশের কিছু কিছু এলাকার মানুষ সব সময়ই অভাবগ্রস্ত থাকে। তাই খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী ঐ সমস্ত এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করলে এক যাত্রায় দুই ফল লাভ সম্ভব হবে। অর্থাৎ দরিদ্র জনগণকে সাহায্য প্রদানও হবে, আবার শিক্ষা বিস্তারও হবে।

তাই দেশের সর্বাধিক দারিদ্র্যপীড়িত এলাকা যথা বৃহত্তর রংপুর, দিনাজপুর, ময়মনসিংহ জেলায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী অগ্রাধিকার ভিত্তিতে চালু করে এই সমস্ত এলাকার দরিদ্র জনগণ ক্ষুধার হতে হাত রক্ষার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

সুনাগরিক
সেকশন নং-১১, পল্লবী, ঢাকা।